গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# মন্ত্রিপরিষদ বিভাগের স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২৩

মন্ত্রিপরিষদ বিভাগ

বাংলাদেশ সচিবালয়

ঢাকা

# উপক্রমণিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২১(২) অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে, "সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য"। সংবিধানে বর্ণিত এই নির্দেশ অনুসরণ করে জনসেবা প্রদান নিশ্চিত করা প্রজাতন্ত্রের কর্মচারীদের অন্যতম প্রধান কর্তব্য। অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০০৯ সালে তথ্য অধিকার আইন প্রণয়ন করেছে। তথ্যে জনগণের অবাধ প্রবেশাধিকার নিশ্চিত করার জন্য সকল সরকারি দপ্তরে তথ্য অধিকার আইন, ২০০৯-এর ধারা ১০ অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তথ্য কমিশনের উদ্যোগে ও মন্ত্রিপরিষদ বিভাগের সহায়তায় সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/কার্যালয় তথ্য অধিকার আইন ও সংশ্লিষ্ট বিধি-বিধানের আলোকে স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করছে।

বর্তমান সরকার রূপকল্প ২০৪১ অর্জনের লক্ষ্যে কাজ করছে। এই লক্ষ্য অর্জনের জন্য সমাজের সর্বস্তরে সুশাসন নিশ্চিত করা অত্যাবশ্যক। আর সুশাসনের অন্যতম পূর্বশর্ত স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণ। জনপ্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করার অন্যতম হাতিয়ার তথ্য অধিকার আইন বাস্তবায়ন। তথ্যে নাগরিকের অধিকার প্রতিষ্ঠার অন্যতম কার্যকর পন্থা হল স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ। এ লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন করেছে। এ নির্দেশিকা সকল নাগরিক ও তথ্য ব্যবহারকারীর নিকট তথ্য প্রদানের ক্ষেত্র বিস্তৃত করবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের স্বচ্ছতা ও জবাবদিহি বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে।

**খন্দকার আনোয়ারুল ইসলাম**

**মন্ত্রিপরিষদ সচিব**

# সূচিপত্র


| উপক্রমণিকা | পৃষ্ঠা |
|---|---|
| ১। স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার পটভূমি ও প্রয়োজনীয়তা | ৪ |
| ১.১ স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়নের যৌক্তিকতা/উদ্দেশ্য | ৪ |
| ১.২ নির্দেশিকার শিরোনাম | ৪ |
| ২। তথ্য সংরক্ষণ, প্রকাশ ও প্রচার পদ্ধতি | ৪ |
| ৩। স্বতঃপ্রণোদিত তথ্য সংরক্ষণ/প্রকাশের ক্ষেত্রে তথ্য প্রদানকারী কর্মকর্তার দায়িত্ব | ৪ |
| ৪। নির্দেশিকার সংশোধন | ৪ |
| ৫। নির্দেশিকার ব্যাখ্যা | ৫ |
| পরিশিষ্ট ১: মন্ত্রিপরিষদ বিভাগের স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম | ৫ |
| পরিশিষ্ট ২: আইন অনুযায়ী যে সকল তথ্য প্রদান বাধ্যতামূলক নয় | ৮ |
| পরিশিষ্ট ৩: দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ | ৮ |
| পরিশিষ্ট ৪: বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ | ৯ |
| পরিশিষ্ট ৫: আপিল কর্মকর্তার বিবরণ | ৯ |

## ১. স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার পটভূমি ও প্রয়োজনীয়তা

জনগণের তথ্যের অধিকার নিশ্চিতকরণে প্রণীত 'তথ্য অধিকার আইন, ২০০৯' যাতে যথাযথভাবে কাজ করে এবং এতে প্রতিশ্রুত তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত হয় সে উদ্দেশ্যে স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার ভিত্তি হলো: (১) তথ্য অধিকার আইন, ২০০৯-এর ধারা ৬, (২) সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর নির্দেশ ২৬৩, (৩) তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এবং (৪) তথ্য কমিশন কর্তৃক ২০১৪ সালে প্রণীত স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা।

১.১ স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়নের যৌক্তিকতা/উদ্দেশ্য:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতের মাধ্যমে সরকারি ও বেসরকারি সংগঠনের স্বচ্ছতা ও জবাবদিহি বৃদ্ধি, দুর্নীতি হ্রাস, জনগণের চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার সাংবিধানিক অধিকার প্রতিষ্ঠা, সর্বোপরি জনগণের ক্ষমতায়নের লক্ষ্যে 'তথ্য অধিকার আইন, ২০০৯' প্রণয়ন করেছে।

জনগণের জন্য অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করার যে নীতি সরকার গ্রহণ করেছে, তার সঙ্গে সংগতিপূর্ণভাবে সরকারের গুরুত্বপূর্ণ বিভাগ হিসাবে মন্ত্রিপরিষদ বিভাগ অবাধ তথ্য প্রবাহের চর্চা নিশ্চিত করতে সদা তৎপর রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের তথ্য জনগণের কাছে উন্মুক্ত হলে এই বিভাগের কার্যক্রম সম্পর্কে জনগণ স্বচ্ছ ধারণা লাভ করতে সক্ষম হবে এবং জনগণের নিকট জবাবদিহি প্রতিষ্ঠিত হবে। মন্ত্রিপরিষদ বিভাগের অবাধ তথ্য প্রবাহের চর্চার ক্ষেত্রে যেন কোনো দ্বিধাদ্বন্দ্বের সৃষ্টি না হয় সেজন্য একটি স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন আবশ্যক বলে মন্ত্রিপরিষদ বিভাগ মনে করেছে।

১.২ নির্দেশিকার শিরোনাম:

এই নির্দেশিকা 'মন্ত্রিপরিষদ বিভাগের স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২৩' নামে অভিহিত হবে।

## ২। তথ্য সংরক্ষণ, প্রকাশ ও প্রচার পদ্ধতিঃ

মন্ত্রিপরিষদ বিভাগের সকল স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য নিম্নোক্তভাবে সংরক্ষণ, প্রকাশ ও প্রচার করা হবে:

(১) এই ধরনের তথ্য মন্ত্রিপরিষদ বিভাগ স্বতঃপ্রণোদিত হয়ে নোটিশবোর্ড, ওয়েবসাইট, বিলবোর্ড, প্রেস বিজ্ঞপ্তি, এসএমএস, বুকলেট, লিফলেট, ভিডিও মেসেজ, মুদ্রিত বই বা প্রতিবেদন আকারে এবং প্রচারণাসহ অন্যান্য গ্রহণযোগ্য মাধ্যমে সংরক্ষণ, প্রকাশ ও প্রচার করবে;

(২) মন্ত্রিপরিষদ বিভাগ স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের একটি তালিকা প্রস্তুত করবে এবং এই নির্দেশিকার পরিশিষ্টে (পরিশিষ্ট ১) ও মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে তা সংরক্ষণ করবে।

## ৩। স্বতঃপ্রণোদিত তথ্য সংরক্ষণ/প্রকাশের ক্ষেত্রে তথ্য প্রদানকারী কর্মকর্তার দায়িত্ব

তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মন্ত্রিপরিষদ বিভাগের স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবেন। তিনি এই নির্দেশিকার পরিশিষ্টে উল্লেখিত স্বতঃপ্রণোদিত তথ্যের তালিকা সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিশাখা/শাখা থেকে যাচাই করবেন।

## ৪। নির্দেশিকার সংশোধন

এই নির্দেশিকা সংশোধনের প্রয়োজন হলে মন্ত্রিপরিষদ বিভাগের চিফ ইনোভেশন অফিসারের নেতৃত্বে গঠিত ইনোভেশন কমিটি নির্দেশিকার অনুমোদনকারী কর্তৃপক্ষের কাছে সংশোধনের প্রস্তাব করবে। অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনের পর নির্দেশিকার সংশোধন কার্যকর হবে।

## ৫। নির্দেশিকার ব্যাখ্যা

এই নির্দেশিকার কোনো বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে এ নির্দেশিকা প্রণয়নকারী কর্তৃপক্ষ তার ব্যাখ্যা প্রদান করবে।

**মন্ত্রিপরিষদ বিভাগের স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম:**

| ক্রমিক নম্বর | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের সর্বোচ্চ সময় | তথ্য প্রকাশের মাধ্যম |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | মাননীয় মন্ত্রী, বিশেষ দূত, উপদেষ্টা, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীগণের তালিকা | | ওয়েবসাইট এবং সরকারি গেজেট |
| ২. | সিনিয়র সচিব/সচিবগণের তালিকা | | ওয়েবসাইট এবং সরকারি গেজেট |
| ৩. | মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত কর্মকর্তাগণের নাম, পদবি, শাখা/অধিশাখা/অনুবিভাগ, দাপ্তরিক ও আবাসিক টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ফ্যাক্স নম্বর, ই-মেইল | | ওয়েবসাইট |
| ৪. | বিভাগীয় কমিশনারগণের তালিকা | | ওয়েবসাইট |
| ৫. | জেলা প্রশাসকগণের তালিকা | | ওয়েবসাইট |
| ৬. | মন্ত্রণালয় ও বিভাগসমূহের অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন | | ওয়েবসাইট, প্রকাশিত প্রতিবেদন |
| ৭. | মন্ত্রিপরিষদ বিভাগের অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন | | ওয়েবসাইট, প্রকাশিত প্রতিবেদন |
| ৮. | মন্ত্রিপরিষদ বিভাগের কার্যাবলি সম্পর্কিত মাসিক প্রতিবেদন | | ওয়েবসাইট |
| ৯. | Rules of Business (কার্যবিধিমালা)/Allocation of Business (কার্যতালিকা) সংক্রান্ত তথ্য | | ওয়েবসাইট, পত্রের মাধ্যমে |
| ১০. | মন্ত্রণালয়/বিভাগ গঠন/পুনর্গঠন/নাম পরিবর্তন সংক্রান্ত তথ্য | | ওয়েবসাইট, পত্রের মাধ্যমে |
| ১১. | মন্ত্রিপরিষদ বিভাগের বাজেট | | ওয়েবসাইট |
| ১২. | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা | | ওয়েবসাইট |
| ১৩. | কোয়ার্টারভিত্তিক বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | | ওয়েবসাইট |
| ১৪. | বাজেটে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের সক্ষমতা সংক্রান্ত প্রতিবেদন | | ওয়েবসাইট |
| ১৫. | মন্ত্রিপরিষদ বিভাগের ক্রয় পরিকল্পনা | | ওয়েবসাইট |
| ১৬. | স্বাধীনতা পুরস্কারপ্রাপ্তদের তালিকা | | ওয়েবসাইট |
| ১৭. | স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলি | | ওয়েবসাইট |
| ১৮. | স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানের মনোনয়ন প্রস্তাব আহ্বান | | ওয়েবসাইট |
| ১৯. | মন্ত্রিসভা কমিটি/পরিষদ/কমিশন গঠন/পুনর্গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন | | ওয়েবসাইট এবং সরকারি গেজেট |
| ২০. | সচিব কমিটি/পরিষদ/কমিশন গঠন/পুনর্গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন | | ওয়েবসাইট এবং সরকারি গেজেট |
| ২১. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটি | | ওয়েবসাইট এবং সরকারি গেজেট |
| ২২. | সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য সারসংক্ষেপ প্রণয়ন, প্রেরণ, কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিধি-বিধান, রীতি, পদ্ধতি এবং চেকলিস্ট | | ওয়েবসাইট, সকল মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ |
| ২৩. | The President's (Remuneration and Privileges) (Amendment) Act, 2016 | | মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট |
| ২৪. | The Prime Minister's (Remuneration and Privileges) Act, 1975 (Amended up to May 2016) | | মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট |
| ২৫. | The Minister's, Ministers of State and Deputy Ministers (Remuneration and | | মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট |

| ক্রমিক নম্বর | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের সর্বোচ্চ সময় | তথ্য প্রকাশের মাধ্যম |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | Privileges) Act, 1973 (Amended up to May 2016 | | |
| ২৬. | রাষ্ট্রপতির অবসরভাতা, আনুতোষিক ও অন্যান্য সুবিধা আইন, ২০১৬ | | ওয়েবসাইট, সরকারি গেজেট |
| ২৭. | Bangladesh National Anthem, Flag and Emblem Order, 1972. (Amended up to January, 2011) | | মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট |
| ২৮. | People's Republic of Bangladesh Flag Rules, 1972 (Revised up to May 2010) | | মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট |
| ২৯. | The National Anthem Rules,1978 (Amended up to January, 2012) | | মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট |
| ৩০. | Bangladesh National Emblem Rules, 1972 (Amended up to January, 1992) | | মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট |
| ৩১. | Rules of Business, 1996 (Revised up to December, 2014) | | মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট |
| ৩২. | Allocation of Business among the different Ministries and Divisions (Schedule 1 of the Rules of Business, 1996 | | মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট |
| ৩৩. | Whistle Blowers' Protection Act, 2011 | | মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট |
| ৩৪. | Instructions Regarding Personal Standard of the President | | মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট |
| ৩৫. | Instructions Regarding Personal Standard of the Prime Minister | | মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট |
| ৩৬. | Warrant of Precedence, 1986 (Revised up to December, 2003) | | মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট |
| ৩৭. | Instructions Regarding Protocol of the President, Prime Minister, Ministers, Ministers of State and Deputy Ministers | | মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট |
| ৩৮. | শুদ্ধ সুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত তথ্য | | ওয়েবসাইট |
| ৩৯. | জাতীয় সামাজিক সুরক্ষা কৌশলসমূহ | | ওয়েবসাইট, মুদ্রিত কপি |
| ৪০. | টেকসই উন্নয়ন অভিলক্ষ্য (SDG)-এর মন্ত্রিপরিষদ বিভাগ সংশ্লিষ্ট কর্মপরিকল্পনাসমূহ | | ওয়েবসাইট |
| ৪১. | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও জেলা ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা প্রদান | | ওয়েবসাইট |
| ৪২. | বিভিন্ন সরকারি নিয়োগ পরীক্ষায় আইনশৃঙ্খলা রক্ষায় চাহিদার ভিত্তিতে নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ | | ওয়েবসাইট |
| ৪৩. | দুদক সংক্রান্ত কার্যক্রম | | ওয়েবসাইট |
| ৪৪. | জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ উদ্‌যাপন/পালন সংক্রান্ত পরিপত্র | | ওয়েবসাইটে প্রকাশ এবং সকল মন্ত্রণালয়/বিভাগে অনুলিপি প্রেরণ |
| ৪৫. | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসনের কর্মকর্তাগণকে বিভিন্ন কমিটিতে অন্তর্ভুক্তকরণে সম্মতি প্রদান | | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে অনুলিপি প্রেরণ, ওয়েবসাইটে প্রকাশ |
| ৪৬. | জেলার শ্রেণি পরিবর্তন | | সংশ্লিষ্ট অফিসে অনুলিপি প্রেরণ, ওয়েবসাইটে প্রকাশ |

| ক্রমিক নম্বর | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের সর্বোচ্চ সময় | তথ্য প্রকাশের মাধ্যম |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৪৭. | জেলা প্রশাসক সম্মেলনের কর্মসূচি | | ওয়েবসাইট |
| ৪৮. | জেলা প্রশাসকগণের তিনবছর মেয়াদি অগ্রাধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | কর্মপরিকল্পনাসমূহ ওয়েব সাইটে প্রকাশ |
| ৪৯. | বিভাগীয় কমিশনারগণের সঙ্গে মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ওয়েবসাইটে প্রকাশ |
| ৫০. | ই-গভর্নেন্স সংক্রান্ত বিভিন্ন প্রকার প্রজ্ঞাপন, পরিপত্র, নির্দেশিকা | | ওয়েবসাইট, মুদ্রিত কপি |
| ৫১. | সহজিকৃত সেবার তালিকা | | ওয়েবসাইট |
| ৫২. | জেলাব্র্যান্ডিং কৌশল-২০১৭ | | ওয়েবসাইট ও মুদ্রিত |
| ৫৩. | জেলাব্র্যান্ডিং বইসমূহ | | ওয়েবসাইট ও মুদ্রিত |
| ৫৪. | মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর ও মাঠ পর্যায়ে জেলা/উপজেলার বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা ২০১৯-২০২০ | | ওয়েবসাইট |
| ৫৫. | মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা | | ওয়েবসাইট |
| ৫৬. | মন্ত্রিপরিষদ বিভাগের ইনোভেশন টিম | | ওয়েবসাইট |
| ৫৭. | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উদ্ভাবনী প্রকল্পসমূহ | | ওয়েবসাইট |
| ৫৮. | সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ) | | ওয়েবসাইট |
| ৫৯. | সেবা সহজিকরণ ম্যানুয়াল | | ওয়েবসাইটে ও মুদ্রিত |
| ৬০. | সরকারি দপ্তরে সিটিজেন্স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | | ওয়েবসাইট |
| ৬১. | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ | | ওয়েবসাইট, মুদ্রিত কপি |
| ৬২. | বিভিন্ন স্তরের সরকারি দপ্তরে Grievance Redress System (GRS) বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | | ওয়েবসাইট |
| ৬৩. | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত ২০১৮) | | ওয়েবসাইট, মুদ্রিত কপি |
| ৬৪. | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)-এর তালিকা | | ওয়েবসাইট |
| ৬৫. | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ প্রশাসনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | | ওয়েবসাইট |
| ৬৬. | জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ | | ওয়েবসাইট |
| ৬৭. | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা | | ওয়েবসাইট |
| ৬৮. | শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ | | ওয়েবসাইট |
| ৬৯. | তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধি বিধান | | ওয়েবসাইট |
| ৭০. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা | | ওয়েবসাইট |
| ৭১. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন গাইডলাইন | | ওয়েবসাইট |
| ৭২. | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচির তালিকা | | ওয়েবসাইট |
| ৭৩. | প্রকল্পের কর্মপরিকল্পনা | | ওয়েবসাইট |
| ৭৪. | প্রকল্প বাজেট | | ওয়েবসাইট |
| ৭৫. | প্রকল্প/কর্মসূচি পরিচালকগণের তথ্য | | ওয়েবসাইট |
| ৭৬. | এডিপি/আরএডিপি বাস্তবায়ন অগ্রগতি | | ওয়েবসাইট |

| ক্রমিক নম্বর | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের সর্বোচ্চ সময় | তথ্য প্রকাশের মাধ্যম |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | | | |
| ৭৭. | ১৯৭১ থেকে ১৯৯৪ সাল পর্যন্ত অনুষ্ঠিত মন্ত্রিসভা/মন্ত্রিপরিষদ/উপদেষ্টা পরিষদ- বৈঠকের মোট ১৩৮ খন্ড বই জাতীয় আর্কাইভসে হস্তান্তর। | | প্রকাশিত প্রতিবেদন |
| | ক) ই-গভর্নেন্স সংক্রান্ত বিভিন্ন প্রকার প্রজ্ঞাপন, পরিপত্র, নির্দেশিকা | | ওয়েবসাইট, মুদ্রিত কপি |
| | (খ) সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবার তালিকা | | ওয়েবসাইট |
| | (গ) জেলা ব্র্যান্ডিং কৌশল-২০১৭ | | ওয়েবসাইট, মুদ্রিত কপি |
| | (ঘ) জেলা ব্র্যান্ডিং বইসমূহ | | ওয়েবসাইট, মুদ্রিত কপি |
| | (ঙ) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর ও মাঠ পর্যায়ে জেলা/উপজেলার বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা | | ওয়েবসাইট, মুদ্রিত কপি |
| | (চ) মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা | | ওয়েবসাইট |
| | (ছ) মন্ত্রিপরিষদ বিভাগের ইনোভেশন টিম | | ওয়েবসাইট |
| ৭৮. | Toshakhana (Maintenance and Administration) Rules, 1974, তোশাখানা ইউনিটের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ এবং তোশাখানা ইউনিটের প্রচারপত্র (Brouchure)। | | ওয়েবসাইট, মুদ্রিত কপি |
| ৭৯. | মন্ত্রিপরিষদ বিভাগের বাজেট | ১-১৫ জুলাই | ওয়েবসাইট |
| ৮০. | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা | ১-২৫ সেপ্টেম্বর | ওয়েবসাইট |
| ৮১. | মন্ত্রিপরিষদ বিভাগের সংশোধিত বাজেট | ১-১৫ এপ্রিল | ওয়েবসাইট |
| ৮২. | কোয়ার্টারভিত্তিক বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | প্রতি কোয়ার্টার শেষ হওয়ার পরবর্তী এক মাসের মধ্যে | ওয়েবসাইট |

**পরিশিষ্ট ২**

**আইন অনুযায়ী যে সকল তথ্য প্রদান বাধ্যতামূলক নয় :**

- তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৭ অনুযায়ী সংশ্লিষ্ট তথ্যসমূহ প্রকাশ বা প্রদান করা হবে না।

**পরিশিষ্ট ৩**

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ:**

নাম: মুহাম্মদ আসাদুল হক
পদবি: উপসচিব
কার্যালয়: তথ্য অধিকার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, সরকারি পরিবহন পুলভবন (রুম নম্বর ১০১৪, দশম তলা, ঢাকা)
ফোন: ০২-৪১০৫০১২৩ (অফিস)
ইমেইল: rti_sec@cabinet.gov.bd
ওয়েবসাইট: www.cabinet.gov.bd

**পরিশিষ্ট ৪**

**বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ:**
নাম: মুহাম্মদ নাজমুল হক
পদবি: সিনিয়র সহকারী সচিব
কার্যালয়: শুদ্ধাচার শাখা, সরকারি পরিবহন পুলভবন (রুম নম্বর ১০১৪, দশম তলা), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
ফোন: ০২২২৩৩৫৮৮৯৬ (অফিস)
ইমেইল: inar_sec@cabinet.gov.bd
ওয়েবসাইট: www.cabinet.gov.bd

**পরিশিষ্ট ৫**

**আপিল কর্মকর্তার বিবরণ:**
পদবি: মন্ত্রিপরিষদ সচিব
কার্যালয়:মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ফোনঃ +৮৮০২২২৩৩৮৬৫৫৮ (অফিস)
ইমেইল: cab_secy@cabinet.gov.bd
ওয়েবসাইট: www.cabinet.gov.bd